

ফেয়ারমণ্ট 'এ' মধ্য রাত

আহমেদ সাবের

ফেয়ারমণ্ট 'এ' এখন মধ্য রাত ।

আমার শ্রাব্য গন্ডিতে কোন ঘড়ি-ঘর নেই -

যেথায় রাত্রির গর্ভে সময়ের তুর্যধূনি হবে, প্রহরে প্রহরে ।

আমি অজানা সময় স্নোতে গা ভাসিয়ে, রাত্রির দৃশ্যাবলী দেখি ।

রাত বাড়ে, সিডনীর বসন্তের রাত ।

জানালার চৌকাট বেয়ে গলে পড়ে কুয়াসার জাল ।

কেমন নরম দেখো, যেনো -

আইসক্রিম গলে যাচ্ছে আঙুলের মায়াময় ফাঁকে ।

আকাশের কালো পট লেপটে আছে,

শুল্কা সপ্তমীর নিষ্প্রভ, বদ্ধত হলদেটে চাঁদ ।

ঢাকা পড়ে যাচ্ছে রাতের কুয়াশায়, নিঃশব্দে ।

চারিদিকে কেমন ভৌতিক জোৎস্না, শুনশান নীরবতা ।

ঘন কুয়াশায় ঢেকে যাচ্ছে ল্যাম্পপোষ্ট,

রাত্তার নিষ্প্রভ বাতি, বৃক্ষাবলী, রাত্তা, ঘাট, মানব বসত ।

অদৃশ্য ইরেজার মুছে দিচ্ছে গাম ট্রির বন,

এবং আরো পেছনের - অনেক দুরের নীল পর্বত মালা ।

আমি ধূশর চাদর ছাড়া কিছুই দেখিনা ।

অজি ল্যান্ডস্কেপ ধীরে ধীরে হাওয়া হয়ে যায়, ম্যাজিকের মতো ।

যেমন পর্দার পিছে লুণ্ঠ হয় ষ্টেজের আঁকা দৃশ্যপট ।

নেশার খোয়ারি ভেঙ্গে জেগে উঠা মাতালের মতো,

ধীরে ধীরে জেগে উঠে দৃশ্যাবলী, কুয়াসার মায়া ছিন্ন করে ।

কিন্তু এটা কিসের কোলাজ ?

রাত্তা গুলো নদী হয়ে গেছে, বৃক্ষাবলী হেমন্তের শূন্য শব্দ ক্ষেত ।

নদীর দু-কুল ধরে বিস্তারিত খেজুরের বন ।

আহা, এ' কোন বিভ্রম !

বঙ্গীয় হেমন্ত মিশে একাকার, অঞ্চলীয় বসন্তের শুশ্ক দৃশ্যপটে ।

রাত্রির নৈশব্দ ভেঙ্গে খান খান করে, ডেকে উঠে রাতের কোকিল ।

ডাকে আর ডাকে ।